

তফসিল-৫

মালবাহী গাড়ির অনুমোদিত এক্সেল ওজন এবং লেডেন ওজন

[বিধি-৩৫(১) দৃষ্টব্য]

সারণী-১, এক্সেল ওজন

ক্র. নং.	এক্সেলের ধরন	এক এক্সেলের জন্য অনুমোদিত সর্বোচ্চ ওজন (টন)
১।	২ চাকাবিশিষ্ট স্টিয়ারিং/সামনের ১ এক্সেল	৫.৫
২।	৪ চাকাবিশিষ্ট পিছনে ১ এক্সেল	১০.০
৩।	নিকটবর্তী ২ এক্সেল প্রতিটি এক্সেল ২ চাকা বিশিষ্ট (এক্সেল ২টির সেন্টার লাইন ২.৫ মিটারের বেশি হইবে না এবং ১.০২ মিটারের কম হইবে না)	৬.২৫
৪।	নিকটবর্তী ২ এক্সেল প্রতিটি এক্সেল ৪ চাকাবিশিষ্ট	৮.২৫
৫।	নিকটবর্তী ৩ এক্সেল প্রতিটি এক্সেল ২ চাকাবিশিষ্ট (প্রথম এক্সেল থেকে সর্বশেষ এক্সেলের সেন্টার লাইন ৩.২৫ মিটারের বেশি হইবে না)	৪.৫
৬।	নিকটবর্তী ৩ এক্সেল প্রতিটি এক্সেল ৪ চাকাবিশিষ্ট	৬.৫
৭।	নিকটবর্তী ৪ এক্সেল প্রতিটি এক্সেল ৪ চাকাবিশিষ্ট	৫.৫

সারণী-২, লেডেন ওজন (খালিগাড়ির ওজন + মালামালের ওজন)

ক্র. নং.	মোট এক্সেল সংখ্যা	সংযুক্তির ধরন (Type of Attachment)	সর্বাপেক্ষা সামনে ও পিছনের এক্সেলের সেন্টার লাইনের মধ্যবর্তী দূরত্ব (মিটার)	অনুমোদিত সর্বোচ্চ লেডেন ওজন (টন)
১।	২	দৃঢ়/অপরিবর্তনীয়, সিঙ্গেল স্টিয়ারিং এবং পিছনে ১ এক্সেল	৩ বা তাহার চাইতে কম	১৩.০
২।	২	দৃঢ়/অপরিবর্তনীয়, সিঙ্গেল স্টিয়ারিং এবং পিছনে ১ এক্সেল	৩ এর বেশি	১৫.০
৩।	৩	দৃঢ়/অপরিবর্তনীয়, সিঙ্গেল স্টিয়ারিং এবং নিকটবর্তী পিছনের ২ এক্সেল	৪ এর বেশি	২২.০
৪।	৩	২ এক্সেলের প্রাইম মুভার এবং সিঙ্গেল এক্সেল ট্রেইলার	৫ এর বেশি	২৫.০
৫।	৪	দৃঢ়/অনমনীয়, সিঙ্গেল স্টিয়ারিং এবং নিকটবর্তী পিছনের ৩ এক্সেল	৫ এর বেশি	২৫.০
৬।	৪ বা ততোধিক	দৃঢ়/অনমনীয়, সিঙ্গেল/দ্বৈত স্টিয়ারিং, সিঙ্গেল মধ্যবর্তী এবং নিকটবর্তী পিছনের ২ এক্সেল	৭ এর বেশি	৩০.০
৭।	৪	আটিকুলেটেড, ২ এক্সেল প্রাইম মুভার এবং নিকটবর্তী ২ এক্সেল ট্রেইলার	৮ এর বেশি	৩২.০
৮।	৪	২ এক্সেল প্রাইম মুভার এবং নিকটবর্তী নহে এইরূপ ২ এক্সেল	৮ এর বেশি	৩৩.০
৯।	৫	আটিকুলেটেড, ২ এক্সেল প্রাইম মুভার এবং নিকটবর্তী ৩ এক্সেল ট্রেইলার	৯ এর বেশি	৩৫.০
১০।	৫	আটিকুলেটেড, ৩ এক্সেল প্রাইম মুভার এবং নিকটবর্তী ২ এক্সেল ট্রেইলার	১০ এর বেশি	৩৮.০
১১।	৬	আটিকুলেটেড, ৩ এক্সেল প্রাইম মুভার এবং নিকটবর্তী ৩ এক্সেল ট্রেইলার	১০ এর বেশি	৪১.০
১২।	৭	আটিকুলেটেড, ৩ এক্সেল প্রাইম মুভার এবং নিকটবর্তী ৪ এক্সেল ট্রেইলার	১০ এর বেশি	৪৪.০

বাংলাদেশে জনসাধারণের ব্যবহার্য রাস্তা বা মহাসড়কে চলাচলের ক্ষেত্রে মোটরযানের (ট্রেইলারসহ) যে কোনো এক্সেলের সর্বোচ্চ ওজন বা সর্বোচ্চ লেডেন/ট্রেইন ওজন অথবা উহার কোনো সংযুক্তি ইহার সর্বোচ্চ ওজন উপরে বর্ণিত সারণীর ওজনসীমার চেয়ে বেশি হইবে না:

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ জনস্বার্থে ডিজাইন ও ব্যবহারের উদ্দেশ্য বিবেচনা করিয়া বিশেষ অনুমতিপত্র প্রদানপূর্বক শর্ত সাপেক্ষে নির্ধারিত রুট বা এলাকায় নির্দিষ্ট সময়ের জন্য বিশেষ ধরনের মোটরযানকে নিরাপদ মনে করিলে ব্যবহারের অনুমতি প্রদান করিতে পারিবে:

আরও শর্ত থাকে যে, যে কোনো স্টিয়ারিং এক্সেলের ওজন-

- (ক) গাড়ির সবগুলি এক্সেলের এক্সেল ওজনের সমষ্টির ১০% এর কম হইবে না (আর্টিকুলেটেড মোটরযানের ক্ষেত্রে);
- (খ) গাড়ির পিছনের এক্সেল ওজনের ৫৫% এর বেশি হইবে না (দুই এক্সেল বিশিষ্ট রিজিড গাড়ির ক্ষেত্রে):

তবে শর্ত থাকে যে, যেইখানে সেন্টার লাইনের মধ্যবর্তী দূরত্ব সারণী-২ এ বর্ণিত যে কোনো দূরত্বের মধ্যে থাকে সেই ক্ষেত্রে পরপর সজ্জিত এক্সেলসমূহ বা গ্রুপ এর মোট ওজন আনুপাতিক হারে নির্ধারিত হইবে, এবং ওই গাড়ির লেডেন/ট্রেইন ওজন প্রতি মিটার ৪,৫০০ কিলোগ্রাম হিসাবে সর্বাপেক্ষা সামনে ও পেছনের মধ্যকার দূরত্বের মোট ওজনের চেয়ে বেশি হইবে না যেমন ৩.৫ মিটার দূরত্বের জন্য লেডেন/ট্রেইন ওজন $৪,৫০০ \times ৩.৫ = ১৫,৭৫০$ কিলোগ্রাম এর বেশি হইবে না। অনুরূপভাবে ৪ মিটার দূরত্বের জন্য ওজন $৪,৫০০ \times ৪ = ১৮,০০০$ কিলোগ্রাম এর বেশি হইবে না। এবং ৭ এক্সেলের বেশি হইলে অতিরিক্ত প্রতি এক্সেলের জন্য ২,৫০০ কিলোগ্রাম এর বেশি হইবে না।

২। সারণী-১ এ বর্ণিত এক্সেল ওজনসীমা সাপেক্ষে, কোনো নির্দিষ্ট এক্সেলের এক্সেল ওজন হইবে ওই এক্সেলের প্রতিটি টায়ারের জন্য অনুমোদিত (প্রস্তুতকারক নির্ধারিত) ওজনের সমষ্টি অথবা প্রস্তুতকারক কর্তৃক নির্ধারিত সর্বোচ্চ এক্সেল ওজন, যেটি কম, এর সমান। যে কোনো মধ্যবর্তী (সর্বাপেক্ষা সামনে অথবা সর্বাপেক্ষা পেছনের নয়) এক্সেল ওজন ৮.২৫ টনের বেশি হইবে না।

৩। উপরের সারণী দুইটিতে বর্ণিত সর্বোচ্চ এক্সেল ওজন এবং লেডেন ওজন সাপেক্ষে, দুই এক্সেল বিশিষ্ট যে মোটরযানের সেন্টার লাইনের দূরত্ব ৩ (তিন) মিটারের কম, সেই মোটরযানের এক্সেল ওজন ৯ (নয়) টনের বেশি হইবে না:

তবে শর্ত থাকে যে, সর্বোচ্চ লেডেন/ট্রেইন ওজন, আর্টিকুলেটেড মোটরযানের ক্ষেত্রে ৪৮ টন এবং অন্যান্য ক্ষেত্রে ৩২ টন এর বেশি হইবে না।

আরও শর্ত থাকে যে, লেডেন বা আনলেডেন ওজন যাই হোক না কেনো, সবগুলি ট্রেইলারের মোট সর্বোচ্চ ওজন, লোকোমোটিভ দ্বারা যে কোনো সময় বহনের ক্ষেত্রে ৪৮ টনের বেশি হইতে পারিবে না।

৪। ওপরের সারণী দুইটিতে বর্ণিত এক্সেল ওজন এবং লেডেন/ট্রেইন ওজনসীমা সর্বদা রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ কর্তৃক রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রত্যায়িত সর্বোচ্চসীমা অনুযায়ী নির্ধারণ করিতে হইবে, যদি এই বিষয়ে কোনো প্রশ্ন দেখা দেয়।

৫। ওপরের সারণী দুইটিতে বর্ণিত এক্সেল ওজন এবং লেডেন/ট্রেইন ওজন নির্ধারণে কোনো প্রশ্ন দেখা দিলে সেইক্ষেত্রে রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ কর্তৃক রেজিস্ট্রেশন সনদে প্রত্যায়িত সর্বোচ্চ সীমা অনুযায়ী উহা নির্ধারিত হইবে। কোনো মোটরযানের টায়ারের আকার-আকৃতি ও প্রস্তুতকারকের ম্যানুয়াল অনুযায়ী সর্বোচ্চ নিরাপদ ওজন হিসাব করিয়া তাহা নিবন্ধন সনদে লিপিবদ্ধ করিতে হইবে।